# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ২ ৭ ৮

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　সৃজনশীল প্রশ্ন　　　　পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ চৌধুরী কোম্পানির উৎপাদন ব্যবস্থাপক প্রণব কুমার কর্মীদের সমভাবে মূল্যায়ন না করায় কর্মীরাও তার আদেশ পালনে তেমন আগ্রহী হন না বলে পরিকল্পনা অনুযায়ী উৎপাদনকার্যে যথাযথ অগ্রগতি অর্জিত হচ্ছে না। এমতাবস্থায় প্রতিষ্ঠানটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পাশাপাশি সুনির্দিষ্টভাবে ব্যবস্থাপকদের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. কল্পনা সংক্রান্ত দক্ষতা কী? ১

খ. আদেশের ঐক্য নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উৎপাদন ব্যবস্থাপনার কোন নীতি লঙ্ঘিত হওয়ায় উৎপাদনকার্য ব্যাহত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জনে ব্যবস্থাপনা পরিচালকের কর্তৃত্ব বাড়ানোর সিদ্ধান্ত কতটুকু গুরুত্বপূর্ণ? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

২. ▶ কুমিল্লা কমার্স কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা বনভোজনে যাবে। অধ্যক্ষ স্যার শিক্ষকদের সভায় চাঁদার পরিমাণ, তারিখ ও স্থান ঠিক করে চাঁদা সংগ্রহ, বাস জোগাড়, খাবারের ব্যবস্থা এভাবে কাজকে কয়েকটি ভাগে ভাগ করেন এবং কারো কোনো অসুবিধা থাকলে তা দূর করার চেষ্টা করেন। সকলের সহযোগিতামূলক মনোভাব ও সম্পৃক্ততার কারণে বনভোজন সফলভাবে শেষ হয়।

ক. মানব সম্পদ ব্যবস্থাপনা কী? ১

খ. 'ব্যবস্থাপনা হলো কাজ আদায়ের কৌশল'— বুঝিয়ে লেখো। ২

গ. অধ্যক্ষ স্যারের বিভিন্ন শিক্ষকগণের মধ্যে কাজ ভাগ করে দেয়া ব্যবস্থাপনার কোন কাজ সংশ্লিষ্ট? ব্যাখ্যা করো। ৩

ঘ. দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ ব্যবস্থাপনার 'সমন্বয়' কাজ শুরুতেই করার কারণে বনভোজন সফল হয়েছে— বক্তব্যের যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. ▶ ASC লিমিটেড বিগত কয়েক বছর ধরে ব্যবসায় পরিচালনা করছে। দক্ষ কর্মীর অভাবে প্রতিষ্ঠানটিতে নতুন সৃষ্ট পদে বিজ্ঞাপনের মাধ্যমে ৫০ জন কর্মীকে নির্বাচিত করা হয়। তাদের প্রতিষ্ঠানের অভ্যন্তরে তিন মাসের প্রশিক্ষণসম্পন্ন করার পর স্থায়ীভাবে নিয়োগ দেয়া হয়। বর্তমানে প্রতিষ্ঠানটি ক্রমান্বয়ে সফলতার পথে এগিয়ে চলেছে।

ক. বৃত্তিমূলক পরীক্ষা কী? ১

Teachingbd24.com

https://teachingbd24.com

খ. 'মানব সম্পদ ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের মূল চালিকাশক্তি' ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটিতে প্রশিক্ষণের কোন পদ্ধতি প্রয়োগ করা হয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. 'প্রশিক্ষণই উক্ত প্রতিষ্ঠানের সাফল্যের মূল কারণ'— এ বক্তব্যের সাথে তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

৪. ▶ চৌধুরী হাউজিং লি.-এর কার্যক্রমের বিস্তৃতি ঘটায় ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে এককভাবে সকল কাজ সম্পাদন সম্ভব হচ্ছে না। নির্মাণ সংক্রান্ত কাজে সহযোগিতা ও পরামর্শ দেয়ার জন্য তিনি একজন স্থাপত্য প্রকৌশলী নিয়োগ দেন। এতে তার কার্যভার কিছু লাঘব হয়। প্রতিষ্ঠানে ৩ জন সহকারী বিপণন ব্যবস্থাপক আছে যাদের সম্পাদিত কাজ নিম্নরূপ:

| সহকারী ব্যবস্থাপকদের নাম | ফ্ল্যাট বিক্রয়ের পরিমাণ (একক) | | |
|---|---|---|---|
| | ২০১৫ | ২০১৬ | ২০১৭ |
| তামিম চৌধুরী | ৫০ | ৫৫ | ৫৭ |
| সামাদ চৌধুরী | ৭০ | ৮০ | ৯০ |
| আরিফ চৌধুরী | ৪৯ | ৫৭ | ৬০ |

২০১৭ সালে বিক্রয় ব্যবস্থাপকের পদ শূন্য হলে ব্যবস্থাপনা পরিচালক তার ভাগ্নে জনাব আব্দুর রহিমকে নিয়োগ দেয়। এতে ক্ষুব্ধ হয়ে অন্য সহকারী বিক্রয় ব্যবস্থাপক সামাদ চৌধুরী চাকরি ছেড়ে দেন।

ক. ব্যবস্থাপনার কাম্য পরিসর কী? ১

খ. কার্যকর যোগাযোগ ফলাবর্তন কেন প্রয়োজন? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে বিদ্যমান সাংগঠনিক কাঠামোর ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. যোগ্যতা নয় বরং স্বজনপ্রীতির কারণেই সামাদ চৌধুরী চাকরি ছেড়েছেন'— তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

৫. ▶ কমার্স কলেজ কর্তৃপক্ষ তাদের অভ্যন্তরীণ পরীক্ষা পদ্ধতিতে পরিবর্তন আনতে চাচ্ছে। এখন প্রতি বিষয়ে প্রতি বর্ষে ৪টি শ্রেণি পরীক্ষা ও বছর শেষে ১০০ নম্বরের সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিল যে, প্রথম অর্ধে প্রতি বিষয়ে দুটি শ্রেণি পরীক্ষা শেষে ৬০ নম্বরের একটি সেমিস্টার পরীক্ষা এবং দ্বিতীয় অর্ধে আবার দুটি শ্রেণি পরীক্ষা শেষে ১০০ নম্বরের সমাপনী পরীক্ষা হবে। সেমিস্টারে কেউ খারাপ করলে তাকে পুনরায় Re-Exam দিতে এবং অভিভাবকদের সাক্ষাতের মাধ্যমে উত্তীর্ণ হতে হবে।

ক. বিকল্প উদ্ভাবন কী? ১

খ. সিদ্ধান্ত গ্রহণে গবেষণা প্রয়োজন হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের কলেজ কর্তৃপক্ষের নতুন গৃহীত পরিকল্পনার ধরন ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. কলেজ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরিকল্পনায় উত্তম পরিকল্পনার যে গুণ রক্ষিত হয়েছে তাকে কার্যকর ফল পাওয়া যাবে— উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৬.▶মি. 'ক' ও মি. 'খ' দু'জন বন্ধু দুটি প্রতিষ্ঠানের কর্ণধার। মি. 'ক' এর প্রতিষ্ঠানের নিচের দিকের তৃতীয় শ্রেণির কর্মচারীর সংখ্যা কম থাকার প্রতিটি উপবিভাগের জন্য কর্মী নির্দিষ্ট করা যায়নি। তাই একজন কর্মী একাধিক বিভাগে কাজ করতে গিয়ে 'নানান নির্দেশ' মানতে প্রায়শই বিপদে পড়ে। অন্যদিকে মি. 'খ' ব্যবস্থাপনার নীতি মেনে কাজ করার বিষয়ে খুবই সর্তক। কোনো আদেশ দেয়ার পূর্বে তিনি আগের আদেশ, কার্যফল ইত্যাদি মূল্যায়ন করেন। তার অধীনে কাজ করতে অধস্তন নির্বাহীরা স্বাচ্ছন্দ্যবোধ করে।

ক. আন্তঃব্যক্তিক দক্ষতা কী? ১

খ. ব্যবস্থাপনায় প্রশাসন মস্তিষ্কের সাথে তুলনীয় কেন? ২

গ. মি. 'ক'-এর প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার কোন নীতি মান্য না করায় প্রায়শই কর্মীদের বিপদে পড়তে হয়? তা ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. 'খ' এ ব্যবস্থাপনার নির্দেশনার ঐক্য নীতি মেনে চলায় অধস্তন নির্বাহীরা স্বাচ্ছন্দ্যবোধ করে— উদ্দীপকের আলোকে বক্তব্যটি মূল্যায়ন করো। ৪

৭.▶গ্রীন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব কবির বিশ্বাস করেন যে কর্মীরা ব্যক্তিগত অসুবিধা ছাড়া কাজে ফাঁকি দেয় না। সিদ্ধান্ত গ্রহণে তাদের অংশগ্রহণের সুযোগ দিলে কাজের প্রতি তাদের অঙ্গীকার বৃদ্ধি পায়। তবে প্রতিষ্ঠানের স্বার্থে যে কোনো ধরনের সিদ্ধান্ত নিতে তিনি কুণ্ঠাবোধ করেন না। তবে আবেগের বশবর্তী হয়ে তিনি কাজ করেন না। যে কোনো সিদ্ধান্তের তাৎক্ষণিক প্রাপ্তির চেয়ে দীর্ঘমেয়াদি প্রাপ্তিকে তিনি অধিক গুরুত্ব দেন।

ক. তত্ত্বাবধান কী? ১

খ. নির্দেশনাকে প্রশাসনের হৃৎপিণ্ড বলা হয় কেন? ২

গ. ক্ষমতা প্রয়োগের ভিত্তিতে জনাব কবিরের নেতৃত্বের ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. একজন আদর্শ নেতার গুণাবলির আলোকে জনাব কবিরকে মূল্যায়ন করো। ৪

৮.▶মি. সবুজ একজন খুচরা যন্ত্রাংশ প্রস্তুতকারী। তিনি নিজ হাতে অনেককেই কাজ শিখিয়েছেন। তারা এখন দক্ষ কারিগর। প্রতিষ্ঠানের তারাই মূলশক্তি। কর্মীরা যাতে ভালো পরিবেশে কাজ করতে পারে সে বিষয়ে তিনি সতর্ক থাকেন। প্রতি বছর সবাইকে সাথে নিয়ে ঢাকার বাইরে বেড়াতে যান। তিনি ইদানীং লক্ষ করছেন, তার দীর্ঘদিনের বিশ্বস্ত কিছু কারিগর প্রতিষ্ঠান ছেড়ে চলে যাচ্ছে। এতে তিনি দারুণভাবে ক্ষুব্ধ। সব শুনে মন্টু হাজী বললেন, জীবনযাত্রার ব্যয় যেভাবে বেড়েছে তার প্রতি নজর দিতে মনে হয় তুমি ভুল করছ।

ক. রক্ষণাবেক্ষণমূলক উপাদান কী? ১

খ. প্রেষণার সাথে কর্মীর মনোবলের সম্পর্ক ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি. সবুজ তার প্রতিষ্ঠানের কর্মীদের প্রেষণাদানে কোন পদ্ধতির বিষয়ে যত্নবান? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. কর্মীদের ধরে রাখতে মি. সবুজকে প্রেষণাদানের অন্য পদ্ধতির প্রতি নজর দিতে হবে— এ বক্তব্যের যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯. ▶ মি. M ও মি. P আন্তর্জাতিক বাণিজ্যের সাথে জড়িত। তারা গার্মেন্টিস সামগ্রী রপ্তানি ও যন্ত্রসামগ্রী আমদানি করেন। নিজেদের কর্মীদের সাথে প্রতিষ্ঠানটি যেকোনো পরামর্শ, ভিডিও কনফারেন্স ও অডিও কনফারেন্সে প্রযুক্তি ব্যবহার করে থাকেন। বিদেশি ব্যবসায়ীদের সাথে প্রয়োজনে তারা তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে ফ্যাক্স ও ই-মেইল ব্যবহার করেন।

ক. ক্ষুদে বার্তা সেবা কী? ১

খ. ফলাবর্তন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে নিজেদের কর্মীদের মধ্যে কোন ধরনের শাব্দিক যোগাযোগ সংগঠিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বিদেশি ব্যবসায়ীদের সাথে তথ্য আদান-প্রদানে ব্যবহৃত যোগাযোগ পদ্ধতির ধরন উল্লেখপূর্বক গুরুত্ব মূল্যায়ন করো। ৪

১০. ▶ আরিফ এগ্রো লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আরিফ বরিশাল বিভাগের কর্মীদের নির্দেশ দিয়েছেন মার্চ মাসে তাদের বিক্রয় ২০% বৃদ্ধি করতে হবে। বরিশাল বিভাগের কর্মীরা টার্গেট বাস্তবায়ন করতে পারবে না বলে জানায়। কারণ একমাসে এ বিক্রয় বৃদ্ধি সম্ভব নয়। বিষয়টি নিয়ে উচ্চ পর্যায়ের কর্মীরা এবং বরিশাল বিভাগের কর্মীরা একসাথে আলোচনা করে অনেক বির্তকের পর লক্ষ্যমাত্রা ১০% নির্ধারণ করে। অতঃপর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

ক. সমন্বয়ের পূর্বশর্ত কী? ১

খ. স্বতঃস্ফূর্ত সমন্বয় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বিক্রয় বৃদ্ধি ১০% নির্ধারণে উর্ধ্বতন কর্মীরা সমন্বয়ের কোন নীতি অবলম্বন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পরামর্শমূলক নির্দেশনাই লক্ষ্যার্জনে উত্তম-উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১. ▶ 'Red' প্রিন্টিং প্রেসের মালিক মি. নীল প্রত্যেক কর্মীর কাজ ব্যক্তিগতভাবে তদারকি করেন। এতে কোনো কর্মীই কাজে ফাঁকি দিতে পারে না। প্রত্যেকের কাজের ত্রুটি সাথে সাথে ধরা পড়ে এবং তৎক্ষণাৎ সংশোধন করা হয়ে থাকে। ফলে মি. নীল-এর প্রতিষ্ঠানে উৎপাদনের কোন ব্যাঘাত হয় না এবং দিন দিন তার ব্যবসায়ের সম্প্রসারণ ঘটেছে।

ক. বাজেট কী? ১

খ. অভ্যন্তরীণ নিরীক্ষা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের মি. নীল-এর নিয়ন্ত্রণ পদ্ধতিটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মি. নীল-এর নিয়ন্ত্রণ পদ্ধতির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড : | ২ | ৭ | ৮ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. কোম্পানির সচিব কোন স্তরের ব্যবস্থাপকীয় কার্যাবলি সম্পাদন করে?
ক) উচ্চ স্তর  খ) মধ্যম স্তর
গ) নিম্ন স্তর  ঘ) কার্য স্তর

২. মি. সৈকত ১৫,০০০ টাকা বেতনে অস্থায়ী ভিত্তিতে একটি চাকরি পান। এতে তার পরিবারের ভরণ-পোষণের ব্যবস্থা হয়। চাহিদা সোপান তত্ত্ব অনুযায়ী মি. সৈকতের পরবর্তী অভাব কোনটি?
ক) জৈবিক  খ) নিরাপত্তা
গ) সামাজিক  ঘ) আত্মতৃপ্তি

৩. নিয়ন্ত্রণের ফলে—
i. কর্মদক্ষতা বৃদ্ধি পায়
ii. জবাবদিহিতা নিশ্চিত হয়
iii. কর্মীদের সু-সম্পর্ক সৃষ্টি হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৪. প্রতিষ্ঠানে যোগ্য ব্যক্তিকে যোগ্য স্থানে এবং সঠিক বস্তুকে সঠিক স্থানে স্থাপনের নীতিটিকে বলে—
ক) সাম্য  খ) কার্যবিভাজন
গ) নিয়মানুবর্তিতা  ঘ) শৃঙ্খলা

৫. নটর ডেম কলেজ, ময়মনসিংহ বিজনেস ক্লাবে শিক্ষাসফর সম্পন্ন করতে চারটি সাব-কমিটি করা হয়েছে। এক্ষেত্রে উদ্দেশ্য অর্জনে নিচের কোন কাজটি অধিক গুরুত্বপূর্ণ?
ক) নির্দেশনা  খ) সমন্বয়
গ) পরিকল্পনা  ঘ) সংগঠন

৬. Management is Universal বিষয়টি সর্বপ্রথম কে তুলে ধরেছিলেন?
ক) হেনরি ফেয়ল  খ) রবার্ট ওয়েন
গ) এফ ডব্লিউ টেলর  ঘ) সক্রেটিস

৭. মেট্রিক্স সংগঠন একত্রে কাজ করে—
i. কার্যিক ব্যবস্থাপক  ii. সমন্বয় ব্যবস্থাপক
iii. প্রজেক্ট ব্যবস্থাপক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব রায়হান একটি ব্যাংকের শাখা ব্যবস্থাপক। তিনি তার অধস্তন কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে আগমন, কার্য সম্পাদন ও প্রস্থান সরাসরি তদারকি করেন। নিয়ন্ত্রণের এ পদ্ধতিটি পুরাতন হলেও প্রাতিষ্ঠানিক পর্যায়ে এখনো চালু রয়েছে।

৮. জনাব রায়হান নিচের নিয়ন্ত্রণের কোন কৌশল ব্যবহার করেছেন?
ক) PERT  খ) BEP
গ) ব্যক্তিগত পর্যবেক্ষণ  ঘ) অভ্যন্তরীণ নিরীক্ষা

৯. জনাব রায়হানের নিয়ন্ত্রণ কৌশলটি প্রাতিষ্ঠানিক পর্যায়ে চালু হবার অন্যতম কারণ হলো —
i. সরাসরি ভুল-ত্রুটি নির্ণয়
ii. দ্রুত সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ
iii. আধুনিক কলাকৌশল ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১০. সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার প্রথম ধাপ কোনটি?
ক) আদর্শমান নির্ধারণ
খ) তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ
গ) সমস্যা চিহ্নিতকরণ
ঘ) বিকল্প নির্ধারণ

১১. একার্থক পরিকল্পনার অন্তর্ভুক্ত হলো—
i. কর্মসূচি
ii. প্রকল্প
iii. নীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১২. পদ্মা বহুমুখী সেতু নির্মাণ কোন ধরনের পরিকল্পনার অন্তর্ভুক্ত?
ক) স্বল্পমেয়াদি  খ) একার্থক
গ) স্থায়ী  ঘ) লক্ষ্য

১৩. হার্জবার্গের দ্বি-উপাদান তত্ত্ব অনুযায়ী প্রেষণাদানকারী উপাদান কোনটি?
ক) বেতন  খ) চাকরির নিরাপত্তা
গ) কাজের পরিবেশ  ঘ) স্বীকৃতি

১৪. ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণের ফলে সিদ্ধান্ত গ্রহণে কর্মীর ভূমিকা হ্রাস পায়?
ক) শৃঙ্খলা  খ) কার্য বিভাজন
গ) কেন্দ্রীকরণ  ঘ) নির্দেশনার ঐক্য

১৫. নিচের কোনটি প্রেষণাদানের অনার্থিক উপায়?
ক) উৎসব ভাতা  খ) বাসস্থান সুবিধা
গ) চাকরির নিরাপত্তা  ঘ) পদোন্নতি

Teachingbd24.com

১৬. সমন্বয়ের পূর্বশর্ত হলো—

i. গণতান্ত্রিক নেতৃত্ব

ii. কার্যবিভাজন

iii. অংশগ্রহণ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৭. প্রশাসনের হৃৎপিণ্ড হলো—

ক কর্মীসংস্থান  খ নেতৃত্ব
গ নিয়ন্ত্রণ  ঘ নির্দেশনা

১৮. কোন ধরনের নেতৃত্বে অধস্তনরা সিদ্ধান্ত গ্রহণে অবাধ স্বাধীনতা ভোগ করে?

ক স্বৈরতান্ত্রিক  খ গণতান্ত্রিক
গ লাগামহীন  ঘ কর্মীকেন্দ্রিক

১৯. জনাব মাসুদ একটি গার্মেন্টিস ফ্যাক্টরির মালিক। তিনি প্রতিষ্ঠানের কাজগুলোকে বিভিন্ন বিভাগে বিভক্ত করে দায়িত্ব পরিচালনা করেন। এটি কোন ধরনের সংগঠন?

ক কার্যভিত্তিক  খ সরলরৈখিক
গ উপদেষ্টা  ঘ কমিটি

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।

সজিব ও সাকিব প্রায় একই পর্যায়ের যোগ্যতাসম্পন্ন ব্যক্তি। তারা একই পদে এবং একই প্রতিষ্ঠানের যথাক্রমে ১০/০৪/২০১৬ এবং ১০/০৬/২০১৬ তারিখে যোগদান করেন। উক্ত প্রতিষ্ঠানে একটি পদ শূন্য হওয়ায় সজিবকে পদোন্নতি দেওয়া হয় এবং সাকিবকে প্রশিক্ষণের জন্য একজন ঊর্ধ্বতন কর্মকর্তার তত্ত্বাবধানে ন্যস্ত করা হয়।

২০. সাকিবের দক্ষতা বৃদ্ধির জন্য কী ধরনের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে?

ক অধিবেশন  খ পর্যবেক্ষণ
গ ঘটনা পদ্ধতি  ঘ পদাবর্তন

২১. উদ্দীপকে সজিবকে যে পদ্ধতিতে পদোন্নতি দেওয়া হয়েছে তা হলো—

i. জ্যেষ্ঠত্ব

ii. যোগ্যতা

iii. সুপারিশ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২২. কোন ধরনের সংগঠন কাঠামো অনুযায়ী বিশেষজ্ঞ কর্মী নির্বাহীর দায়িত্ব পালন করে?

ক সরলরৈখিক  খ কার্যভিত্তিক
গ পিতৃসুলভ  ঘ লাগামহীন

২৩. 'পাত্র চাই' এ মর্মে পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। এটি কোন ধরনের যোগাযোগ?

ক গণযোগাযোগ
খ সাংগঠনিক যোগাযোগ
গ আনুষ্ঠানিক যোগাযোগ
ঘ অনানুষ্ঠানিক যোগাযোগ

২৪. আধুনিক শ্রমিক কর্মী ব্যবস্থাপনার জনক—

ক এফ ডব্লিউ টেলর  খ রবার্ট ওয়েন
গ হেনরি ফেয়ল  ঘ এডাম স্মিথ

২৫. নিচের কোনটি হেনরি ফেয়লের ব্যবস্থাপনার নীতিমালার বহির্ভূত?

ক দক্ষতার নীতি
খ নিয়মানুবর্তিতার নীতি
গ শৃঙ্খলার নীতি
ঘ কার্যবিভাজন নীতি

২৬. কোন প্রশিক্ষণ পদ্ধতির মাধ্যমে কোনো ব্যক্তি বিভিন্ন ধরনের কাজ করার দক্ষতা অর্জন করতে পারে?

ক প্রবেশন  খ শিক্ষানবিশ
গ পদ আবর্তন  ঘ কোচিং

২৭. নিচের কোনটি মৌখিক যোগাযোগের বহির্ভূত?

ক ইন্টারনেট  খ মুঠোফোন
গ রেডিও  ঘ কনফারেন্স

২৮. নটর ডেম কলেজ, ময়মনসিংহে ব্যবসায় শিক্ষা শাখার বিভিন্ন শিক্ষকের মধ্যে যে পারস্পরিক তথ্য আদান প্রদান করা হয় তা কোন ধরনের যোগাযোগের অন্তর্ভুক্ত?

ক লিখিত  খ ঊর্ধ্বগামী
গ নিম্নগামী  ঘ সমান্তরাল

২৯. বিভিন্ন ব্যক্তি, বিভাগ ও উপ-বিভাগের কাজগুলোকে একসূত্রে গ্রথিত করার কাজকে কী বলে?

ক নির্দেশদান  খ বিভাগীয়করণ
গ সমন্বয়সাধন  ঘ বিকেন্দ্রীকরণ

৩০. আধুনিক ব্যবস্থাপনায় কোন ধরনের নেতৃত্ব নিরুৎসাহিত করা হয়েছে?

ক বিশেষজ্ঞ  খ প্রভুত্বমূলক
গ গণতান্ত্রিক  ঘ পিতৃসুলভ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ |
| ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com